

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৩.৫১.০১৭.২৩-৫৯৭

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩৩
৩০ এপ্রিল ২০২৬

বিষয় : পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে

নিম্নোক্ত জরুরি বিজ্ঞপ্তি (রঞ্জীন) বহুল প্রচলিত ০৭ (সাত)টি জাতীয় দৈনিক পত্রিকায় (একাধিক সংস্করণ প্রকাশিত হলে উভয় সংস্করণের) প্রথম বা শেষ পৃষ্ঠায় আগামী ৪ মে ২০২৬ তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশ এবং প্রকাশিত বিজ্ঞপ্তিগুলোর ০১ (এক) টি কপি অত্র শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২
www.brta.gov.bd




**সরকারের গুরুত্বপূর্ণ অফিস, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান এবং রাতের বেলা আবাসিক এলাকায়
যে কোনো ধরনের হর্ন না বাজানো সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট মোটরযান মালিক ও চালকগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, অতিমাত্রায় শব্দদূষণের ফলে মানুষের বহুমাত্রিক স্বাস্থ্য ঝুঁকি তৈরি হচ্ছে। শব্দদূষণের কারণে কানে কম শোনা, আংশিক বা পুরোপুরি বধিরতা, হৃদরোগ, উচ্চ রক্তচাপ, অনিদ্রা এবং মনোসংযোগ নষ্টসহ বিভিন্ন মানসিক সমস্যার পাশাপাশি গর্ভবতী মায়েদের গর্ভপাত, গর্ভস্থ বাচ্চা বধির বা প্রতিবন্ধী/বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর জন্ম হবার সম্ভাবনা সৃষ্টি হয়। শব্দদূষণ যে কোনো মানুষের জন্য ক্ষতিকর, বিশেষ করে শিশু ও নারী, ট্রাফিক পুলিশ, রিকশা বা মোটরযান চালক, রাস্তায় চলাচলকারী মানুষ, শব্দের উৎসের নিকটস্থ শ্রমিক বা শহরাঞ্চলে বসবাসকারী মানুষ অধিক হারে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাছাড়া হাসপাতাল এবং শিক্ষা প্রতিষ্ঠানের যথাক্রমে রোগী এবং শিক্ষার্থীরা বেশি ঝুঁকির মধ্যে থাকেন। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা-৪৫ (৩) অনুযায়ী সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক, আদেশ দ্বারা ঘোষিত নীরব এলাকা অতিক্রমকালে কোনো মোটরযান চালক কোনোরূপ হর্ন বাজাতে পারবেন না। এর ব্যত্যয়ে আইনের ধারা-৮৮ অনুযায়ী অনধিক ৩ (তিন) মাসের কারাদণ্ড বা অনধিক ১০ (দশ) হাজার টাকা অর্থদণ্ড, বা উভয় দণ্ডে দণ্ডিত হওয়ার বিধান রয়েছে। মোটরযান চালকের ক্ষেত্রে, অতিরিক্ত হিসেবে দোষসূচক ১ (এক) পয়েন্ট কর্তনের বিধান রয়েছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট মোটরযান মালিক ও চালককে সরকারের গুরুত্বপূর্ণ অফিস, হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান এবং রাতের বেলা আবাসিক এলাকায় যে কোনো ধরনের হর্ন না বাজানোর জন্য অনুরোধ করা যাচ্ছে। অন্যথায়, প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিআরটিএ

পরিচালক (এনফোর্সমেন্ট)
বিআরটিএ সদর কার্যালয়
বনানী, ঢাকা-১২১২।


ডা. ০৪.২৬
মোঃ ফারুক আহমেদ
উপপরিচালক (ইঞ্জিনিয়ারিং)
ই-মেইল : dde2@brta.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি বিআরটিএ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।